

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 অর্থ মন্ত্রণালয়
 অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
 (কাস্টমস)
 প্রজ্ঞাপন

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১৫৭-আইন/২০২৬/১২/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, ১৫ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ মোতাবেক ৩১ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ৩৮১-আইন/২০২৪/৯৪/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত শর্ত এর পরিবর্তে নিম্নরূপ শর্ত প্রতিস্থাপিত হইবে, যথা:-

“এই প্রজ্ঞাপনের আওতায় অব্যাহতি সুবিধায় চাল আমদানির পূর্বে প্রত্যেক আমদানিকারককে বৎসর ভিত্তিক চাল আমদানির পক্ষে খাদ্য মন্ত্রণালয় কর্তৃক এতদুদ্দেশ্যে মনোনীত অনূ্যন যুগ্মসচিব পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তার নিকট হইতে লিখিত অনুমোদন ও প্রাপ্যতা গ্রহণ করিতে হইবে।”।

২। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
 সচিব।